গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও সমন্বয়) শাখা
www.cabinet.gov.bd

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.০০০.৮২৫.২২.০০০১.২৬.১৭

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৪ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **মন্ত্রণালয়/বিভাগসমূহের আওতাধীন দপ্তর/সংস্থা, মাঠ পর্যায়ের (বিভাগীয়, আঞ্চলিক ও জেলা) অফিসসমূহ এবং উপজেলা পর্যায়ে GPMS টিম গঠন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (Governance Performance Monitoring System-GPMS) প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত প্রতিটি মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা, মাঠ পর্যায়ের বিভাগীয়, আঞ্চলিক ও জেলা অফিসসমূহ এবং উপজেলায় পর্যায়ে GPMS টিমের গঠন ও কার্যপরিধি নিম্নরূপ:

**আওতাধীন দপ্তর/সংস্থার GPMS টিমের গঠন:**

| ক্রম | নাম ও পদবী | GPMS টিমে পদবী |
|---|---|---|
| ১. | দপ্তর/সংস্থার তুলনামূলক জ্যেষ্ঠ কর্মকর্তা | টিম লিডার |
| ২. | দপ্তর/সংস্থার একজন কর্মকর্তা | সদস্য<br>(বিকল্প টিম লিডার) |
| ৩. | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সকল কর্মবিভাগ হতে নূন্যতম একজন করে প্রতিনিধি | সদস্য |
| ৪. | আইসিটি সংশ্লিষ্ট কাজের সঙ্গে সম্পৃক্ত একজন কর্মকর্তা | সদস্য |
| ৫. | আঞ্চলিক/বিভাগীয় পর্যায়ের অফিস হতে কম পক্ষে একজন কর্মকর্তা | সদস্য |
| ৬. | দপ্তর/সংস্থার একজন কর্মকর্তা | সদস্য<br>(বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা) |
| ৭. | দপ্তর/সংস্থার একজন কর্মকর্তা | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

**দপ্তর/সংস্থার GPMS টিম কার্যপরিধি:**

- GPMS-এর ৩ বছর মেয়াদি খসড়া পরিকল্পনা প্রণয়ন, বিবেচ্য অর্থবছরের খসড়া কর্মসম্পাদন পরিকল্পনা প্রণয়ন ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ;
- যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক চূড়ান্ত পরিকল্পনা, বিবেচ্য অর্থবছরের চূড়ান্ত কর্মসম্পাদন পরিকল্পনা ও বছরশেষে কৌশলগত প্রতিবেদন (Strategic Report) প্রণয়ন এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ;
- প্রতি দুই মাসে একবার GPMS এর অগ্রগতি পর্যালোচনা;
- বিবেচ্য অর্থবছরের চূড়ান্ত কর্মসম্পাদন পরিকল্পনার সংশোধন (যদি থাকে) প্রস্তাব নির্ধারিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ;
- প্রতি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত এবং মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ;
- অর্ধবার্ষিক অগ্রগতির প্রমাণক সংরক্ষণ;
- বিবেচ্য অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা (সেকশন ২) এর ষাণ্মাসিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত পূর্বক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ;
- GPMS সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করা;
- GPMS ক্যালেন্ডার ও নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট সকল কাজ সম্পাদন;
- বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত, প্রমাণকের যথার্থতা যাচাই ও সংরক্ষণ এবং স্বমূল্যায়ন প্রতিবেদন দপ্তর/সংস্থা প্রধানের অনুমোদন গ্রহণ করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ নিশ্চিত করা; এবং
- আওতাধীন অফিসসমূহের GPMS-এর কার্যক্রম তদারকি এবং মূল্যায়ন।

**মাঠ পর্যায়ের (বিভাগীয়, আঞ্চলিক, জেলা) অফিসসমূহের GPMS টিমের গঠন:**

| ক্রম | নাম ও পদবী | GPMS টিমে পদবী |
|---|---|---|
| ১. | মাঠ পর্যায়ের অফিসের তুলনামূলক জ্যেষ্ঠ কর্মকর্তা | টিম লিডার |

| | | |
|---|---|---|
| ২. | মাঠ পর্যায়ের অফিসের একজন কর্মকর্তা | সদস্য (বিকল্প টিম লিডার) |
| ৩. | আঞ্চলিক পর্যায়ের অফিসসমূহের টিম এর জন্য তার অধস্তন অফিসসমূহ হতে কমপক্ষে একজন কর্মকর্তা | সদস্য |
| ৪. | বিভাগীয় পর্যায়ের অফিসসমূহের টিম এর জন্য জেলা পর্যায়ের অফিসসমূহ হতে কমপক্ষে একজন কর্মকর্তা | সদস্য |
| ৫. | জেলা পর্যায়ের অফিসসমূহের টিম এর জন্য উপজেলা পর্যায়ের অফিসসমূহ হতে কমপক্ষে একজন কর্মকর্তা | সদস্য |
| ৬. | মাঠ পর্যায়ের অফিসের একজন কর্মকর্তা | সদস্য (বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা) |
| ৭. | মাঠ পর্যায়ের অফিসের একজন কর্মকর্তা | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

**মাঠ পর্যায়ের অফিসসমূহে GPMS টিমের কার্যপরিধি:**

- GPMS-এর ৩(তিন) বছর মেয়াদি খসড়া পরিকল্পনা প্রণয়ন, বিবেচ্য অর্থবছরের খসড়া কর্মসম্পাদন পরিকল্পনা প্রণয়ন এবং উর্ধ্বতন অফিসে প্রেরণ;
- যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক চূড়ান্ত পরিকল্পনা, বিবেচ্য অর্থবছরের চূড়ান্ত কর্মসম্পাদন পরিকল্পনা ও বছরশেষে কৌশলগত প্রতিবেদন (Strategic Report) প্রণয়ন এবং উর্ধ্বতন অফিসে প্রেরণ;
- প্রতি দুই মাসে একবার GPMS এর অগ্রগতি পর্যালোচনা;
- প্রতি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত এবং উর্ধ্বতন অফিসে প্রেরণ;
- বিবেচ্য অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা (সেকশন ২) এর ষান্মাসিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত এবং উর্ধ্বতন অফিসে দাখিল;
- GPMS সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করা; (প্রযোজ্য ক্ষেত্রে)
- GPMS ক্যালেন্ডার ও নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট সকল কাজ সম্পাদন;
- বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত, প্রমাণকের যথার্থতা যাচাই ও সংরক্ষণ এবং স্বমূল্যায়ন প্রতিবেদন অফিস প্রধানের অনুমোদন গ্রহণ করে উর্ধ্বতন অফিসে প্রেরণ; এবং
- আওতাধীন অফিসসমূহের GPMS-এর কার্যক্রম তদারকি এবং মূল্যায়ন।

**উপজেলা অফিসসমূহের GPMS টিমের গঠন:**

| ক্রম | নাম ও পদবী | GPMS টিমে পদবী |
|---|---|---|
| ১. | উপজেলা অফিসের প্রধান | টিম লিডার |
| ২. | উপজেলা অফিসের একজন কর্মকর্তা (যদি থাকে) | সদস্য |
| ৩. | উপজেলা অফিসের একজন কর্মকর্তা | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

** উপজেলায় যে সকল অফিসে শুধুমাত্র ১ (এক) জন কর্মকর্তাই আছেন, সে সকল অফিসে উক্ত কর্মকর্তাGPMS এর ফোকাল পয়েন্ট কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

**উপজেলা অফিসসমূহের GPMS টিমের কার্যপরিধি:**

- উর্ধ্বতন অফিসের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত ও নির্ধারিত সময়ের মধ্যে দাখিল নিশ্চিত করা;
- অনুমোদিত কর্মসম্পাদন পরিকল্পনা অনুযায়ী বছরব্যাপী কার্যক্রম বাস্তবায়ন সমন্বয় ও তদারকি করা;
- বাস্তবায়িত কার্যক্রমের প্রমাণক সংগ্রহ, সংরক্ষণ ও প্রয়োজন অনুযায়ী উপস্থাপনের ব্যবস্থা রাখা;
- কর্মসম্পাদন পরিকল্পনার কোনো কার্যক্রম বা লক্ষ্যমাত্রা সংশোধনের প্রয়োজন হলে যৌক্তিকতাসহ প্রস্তাব উর্ধ্বতন অফিসে প্রেরণ করা;
- ষান্মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করে নির্ধারিত সময়ের মধ্যে উর্ধ্বতন অফিসে প্রেরণ করা;
- বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত, প্রমাণকের যথার্থতা যাচাই ও সংরক্ষণ এবং স্বমূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন অফিসে প্রেরণ; এবং
- GPMS সংক্রান্ত নির্দেশিকা, ক্যালেন্ডার ও উর্ধ্বতন অফিসের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট সকল কার্যক্রম সম্পাদন করা।

বর্ণিতাবস্থায়, মন্ত্রণালয়/বিভাগসমূহের আওতাধীন স্ব-স্ব দপ্তর/সংস্থা, মাঠ পর্যায়ের বিভাগীয়, আঞ্চলিক, জেলা অফিস এবং উপজেলা পর্যায়ে অফিসসমূহের GPMS টিম গঠনের নির্দেশনা প্রদানপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪-০৩-২০২৬
কাউসার আজিজ
উপসচিব (রুটিন দায়িত্ব)
ফোন : ২২৬৬৪১০৭৯
ইমেইল : pmpc_sec@cabinet.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব/সচিব (সকল) এবং
২। অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ (মাঠ প্রশাসনের সকল অফিসসমূহকে GPMS টিম গঠনের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.০০০.৮২৫.২২.০০০১.২৬.১৭/১ (৩)

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৪ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব ), মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সচিব, সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব ), মন্ত্রিপরিষদ বিভাগ (সচিব, সমন্বয় ও সংস্কার-মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
৩। ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ (অতিরিক্ত সচিব, সংস্কার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৪-০৩-২০২৬
কাউসার আজিজ
উপসচিব (রুটিন দায়িত্ব)